# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৮

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৪৩. কোন ব্যক্তি পায়খানা-পেশাবের বেগ চেপে রেখে সালাত আদায় করবে কি?

باب أَيُصَلِّي الرَّجُلُ وَهُوَ حَاقِنٌ؟

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللهِ بْنِ الأَرْقَمِ، أَنَّهُ خَرَجَ حَاجًّا أَوْ مُعْتَمِرًا وَمَعَهُ النَّاسُ وَهُوَ يَؤُمُّهُمْ فَلَمَّا كَانَ ذَاتَ يَوْمٍ أَقَامَ الصَّلاَةَ صَلاَةَ الصُّبْحِ ثُمَّ قَالَ لِيَتَقَدَّمْ أَحَدُكُمْ. وَذَهَبَ إِلَى الْخَلاَءِ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ " إِذَا أَرَادَ أَحَدُكُمْ أَنْ يَذْهَبَ الْخَلاَءَ وَقَامَتِ الصَّلاَةُ فَلْيَبْدَأْ بِالْخَلاَءِ "

– صحيح

বাংলা

৮৮। ’আব্দুল্লাহ ইবনু আরক্বাম (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি হজ বা ’উমরার উদ্দেশ্যে বের হলেন। তার সঙ্গে কিছু লোক ছিল। তিনি তাদের ইমামতি করতেন। একদিন ফজরের সালাত আরম্ভ হতে যাচ্ছে, এমতাবস্থায় তিনি বললেন, তোমাদের কেউ ইমামতি করুক। এই বলে তিনি পায়খানায় চলে গেলেন। নিশ্চয় আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ সালাত শুরুর সময়ে তোমাদের কারো পায়খানার বেগ হলে প্রথমে সে যেন পায়খানা সেরে নেয়।[1]

সহীহ।

## English

Narrated Abdullah ibn al-Arqam:

Urwah reported on the authority of his father that Abdullah ibn al-Arqam travelled for performing hajj (pilgrimage) or umrah. He was accompanied by

the people whom he led in prayer. One day when he was leading them in the dawn (fajr) prayer, he said to them: One of you should come forward. He then went away to relieve himself. He said: I heard the Messenger of Allah (ﷺ) say: When any of you feels the need of relieving himself while the congregational prayer is ready, he should go to relieve himself.

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ সালাতে ক্বায়িম হওয়া সম্পর্কে, হাঃ ১৪২, ইমাম তিরমিযী বলেন, ‘আব্দুল্লাহ ইবনু আরকামের হাদীসটি হাসান সহীহ), দারিমী (অধ্যায়ঃ সালাত, হাঃ ১৪২৭), আহমাদ (৪/৩৫)।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। একাগ্রতার সাথে সালাত আদায় করা এবং একাগ্রতায় বিঘ্ন সৃষ্টিকারী যে কোনো কিছু থেকে দূরে থাকা।

২। সালাতের পূর্বে পেশাব-পায়খানার বেগ হলে সালাতে না দাঁড়িয়ে প্রথমে পেশাব-পায়খানার বেগ হলে সালাতে না দাঁড়িয়ে প্রথমে পেশাব-পায়খানা সম্পন্ন করা।

৩। পেশাব-পায়খানার বেগ চেপে রেখে সালাত আদায়কারীর ব্যাপারে ‘আলিমগণ মতভেদ করেছেন। কেউ বলেছেন, তাকে পুনরায় সালাত আদায় করতে হবে, যেমন মালিকিদের মত। আর কেউ বলেছেন, পেশাব-পায়খানার বেগ তাকে ব্যস্ততায় ফেলে দিলে এবং তাড়াহুড়া করে সালাত শেষ করার দিকে মশগুল করে দিলে তিনি সালাত ছেড়ে দিবেন। কেউ বলেছেন, হালকা বেগ হলে সালাত ছাড়তে হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইবনু আরকাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57406

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন